**উপজেলা পরিষদ**
**পাথরঘাটা, বরগুনা ।**

**পাথরঘাটা উপজেলা পরিষদের ৪২ তম মাসিক (অক্টোবর-২০২২) সভার কার্যবিবরণী ।**

| | | |
|---|---|---|
| সভা নম্বর | : | ৪২/২০২২ |
| সভার তারিখ ও সময় | : | ২০.১০.২০২২ দুপুর ১২:০০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভাপতি | : | জনাব মোস্তফা গোলাম কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ। |

(সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা-পরিশিষ্ট 'ক')

উপস্থিত সদস্যদের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও গীতাপাঠের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর বিগত ২১.০৯.২০২২ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচিত হয় এবং সে আলোকে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য সূচি / এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ | পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত সম্পর্কিত আলোচনা করা হয়। | দৃঢ়ীকরণ করা হলো। |
| ০২. | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | পূর্ববর্তী সভায় যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল সেগুলো ৯৫% বাস্তবায়ন হয়েছে। বাকী ৫% এখনো বাস্তবায়ন হয়নি। | সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি থাকতে হবে। |
| ০৩. | স্ট্যান্ডিং কমিটি হতে প্রাপ্ত সুপারিশমালার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না থাকায় এ বিষয়ে সিদ্ধান্ত কোন আলোচনা করা গেল না। | স্ট্যান্ডিং কমিটি হতে কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৪. | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত সুপারিশ পর্যালোচনা | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশ না থাকায় আলোচনা করা গেল না। | মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক কোন সুপারিশমালা না পাওয়ায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৫. | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন পর্যালোচনা | নতুন কোনবিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় আলোচনা করা গেল না। | নতুন কোন বিধি/আইন বা পরিবর্তিত কোন আইন না থাকায় কোন সিদ্ধান্ত নেই। |
| ০৬. | উপজেলা পরিষদের আয়-ব্যয় পর্যালোচনা | আলোচনার কোন বিষয় উত্থাপিত হয়নি বা নেই। | কোন সিদ্ধান্ত নেই। |
| ০৭. | উপজেলা মৎস্য বিভাগ, পাথরঘাটা, বরগুনা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সভায় জানান যে, গত ০৭ অক্টোবর ২০২২ তারিখ থেকে ২৮ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত মা ইলিশ রক্ষার্থে অবরোধ কার্যক্রম চলবে। এসময়ে ইলিশ মাছ আহরোণ, সংরক্ষণ, বাজারজাতকরণ ও পরিবহন সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ থাকবে। অবরোধ চলাকালীন সময়ে সকলের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | এ বিষয়ে আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পাথরঘাটা'কে অনুরোধ জানান। |
| ০৮. | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, পাথরঘাটা, বরগুনা, সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ স্ব-স্ব ইউনিয়নে বিভাজন করা হয়েছে ইতোমধ্যে অনেক ইউনিয়ন থেকে প্রকল্প দাখিল করেছেন বাকীদের জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের প্রতি অনুরোধ জানান। | বিষয়টি আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ দ্বারা প্রকল্প দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। |
| ০৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), পাথরঘাটা, বরগুনা, সভায় জানান যে, আগামী ০৬.১১.২০২২ তারিখ থেকে এইচএসসি পরীক্ষা-২০২২ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | বিষয়টি আলোচনান্তে চলমান এইসএসসি পরীক্ষা-২০২২ সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা বন বিভাগ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পাথরঘাটা সভায় জানান যে, (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাথরঘাটা হতে হরিণঘাটা পর্যন্ত এলজিইডি কর্তৃক রাস্তা সম্প্রসারণ কাজের জন্য রাস্তার দুই পার্শ্বে বন বিভাগ কর্তৃক সৃজিত গাছ সমূহ মার্কিন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে বন বিভাগ কর্তৃক গাছসমূহ মার্কিন কতে গেলে স্থানীয় জনসাধারণ কর্তৃক তাদের রোপিত গাছ বলে দাবী করেন। তৎপ্রেক্ষিতে ১৭.০৯.২০২২ তারিখ উপজেলা চেয়ারম্যান মহোদয়, রেঞ্জ কর্মকর্তা, বিট অফিসারগণ ও স্টাফসহ সরেজমিনে তদন্ত পূর্বক জনসাধারণ কর্তৃক রোপিত ৭৮টি গাছের সত্যতা পাওয়া যায়। এক্ষেত্রে ব্যক্তি মালিকানাধীন গাছের আবেদনের প্রেক্ষিতে রেইনট্রি, চাম্বল ও মেহগনি ৭৮ টি গাছ তাদেরকে দিয়ে দেওয়ার জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>(খ) পাথরঘাটা ঘুটাবাছা আরএইচডি কালমেঘা জিসি রোড চেইনেজ ০০৪১৬৫ মিঃ রাস্তা সংস্কারের জন্য রাস্তার দুই পার্শ্বের গাছসমূহ অপসারণ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>(গ) এ উপজেলায় অবৈধ করাতকলসমূহে পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | বিষয়টি আলোচনান্তে (ক) ব্যক্তিমালিকানাধীন গাছসমূহ বাদ দিয়ে মার্কিং তালিকা প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পাথরঘাটা'কে অনুরোধ জানান।<br>(খ) বিষয়টি আলোচনান্তে সরকারি নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বিষয়টি আলোচনান্তে অতি শীঘ্রই মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ করাত কলের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| ১১. | চেয়ারম্যান, কাকচিড়া ইউপি | চেয়ারম্যান, পাথরঘাটা সদর ইউপি, সভায় জানান যে, কাকচিড়া পরিষদ টু খাসতবক সড়কটি খাল সংলগ্ন হওয়ায় বিভিন্ন জায়গায় ভেঙ্গে যাচ্ছে। এমতাবস্তায় রাস্তাটির ভাঙ্গন স্থানে জরুরি ভিত্তিতে প্যালা সাইটিং করার জন্য উপজেলা প্রকৌশলী, পাথরঘাটা'কে অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়গুলো আলোচনান্তে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| ১২. | **বিবিধঃ**<br>(ক) মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষে আগত মুসুল্লীদের আপ্যায়ন ব্যয় নির্বাহ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদে মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষে আগত মুসুল্লীদের আপ্যায়ন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ জামে মসজিদে মিলাদুন্নবী উদ্‌যাপন উপলক্ষে আগত মুসুল্লীদের আপ্যায়নের ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫,৩২৬/- (পাঁচ হাজার তিনশত ছাব্বিশ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (খ) ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন ২০২২-২০২৩ অর্থ বছরে (বাংলা ১৪২৯) ভূমি উন্নয়ন কর পরিশোধ করার লক্ষ্যে ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, পাথরঘাটা সদর কর্তৃক ২৫,৩২৫/- (পঁচিশ হাজার তিনশত পঁচিশ) টাকার বিল পাওয়া গেছে। এমতাবস্থায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভূমি উন্নয়ন কর পরিশোধ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থ বছরে (বাংলা ১৪২৯) ভূমি উন্নয়ন কর পরিশোধ করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২৫,৩২৫/- (পঁচিশ হাজার তিনশত পঁচিশ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (গ) বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট কার্ড ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানের ব্যয় সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, এ উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট কার্ড ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে ফুলের বিল, নাস্তা ও দুপুরের খাবারের বিল বাবদ ভাউচার দাখিল করেছেন। এমতাবস্থায় উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে এ উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের স্মার্ট কার্ড ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে ফুলের বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ৯,০০০/-(নয় হাজার) টাকা এবং নাস্তা ও দুপুরের খাবারের বিল বাবদ ভ্যাট ও আয়করসহ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যয় নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| | (ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ইন্টেরিয়র রোলার ব্লাইন (পর্দা) প্রয়োজন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, বর্তমান প্রেক্ষাপটে উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ ইন্টেরিয়র করা হয়েছে। জানালাগুলোতে উন্নতমানের রোলার ব্লাইন (পর্দা) প্রয়োজন। এছাড়া একটি ৪৪ ইঞ্চি টিভি ক্রয় করা প্রয়োজন। টিভি ক্রয় ও রোলার ব্লাইনের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের জানালাগুলোতে উন্নতমানের রোলার ব্লাইন (পর্দা) এর ও টিভি ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি পিআইসি কমিটি গঠন করাসহ উক্ত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপ:<br>(ক) মোঃ জসিম উদ্দিন, ইউপি সদস্য ---- প্রকল্প সভাপতি |

<table>
<tr><td></td><td></td><td></td><td>(খ) জনাব মো: সাইফুল ইসলাম, বিসিষ্ট ব্যবসায়ী --- সদস্য<br>(গ) জনাব মোঃ ছগির হোসেন, শিক্ষক প্রতিনিধি ---- সদস্য<br>(ঘ) জনাব মো: আমির হোসেন, ঈমাম প্রতিনিধি ---- সদস্য<br>(ঙ) জনাব সুব্রত, এনজিও প্রতিনিধি -------------- সদস্য</td></tr>
<tr><td></td><td>(ঙ) উপজেলা পরিষদের ভিআইপিদের জন্য কাঠের চেয়ার নির্মাণ।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, এ উপজেলায় উর্ধ্বতন কর্তপক্ষের আগমণ উপলক্ষে উপজেলা পরিষদের অনুকূলে ভিআইপি ১৩টি কাঠের চেয়ার নির্মাণ করা প্রয়োজন। চেয়ার নির্মাণের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বিষয়টি আলোচনান্তে উপলক্ষে উপজেলা পরিষদের অনুকূলে ভিআইপি ১৩টি কাঠের চেয়ার নির্মাণ করা ব্যয় নির্বাহের জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি পিআইসি কমিটি গঠন করাসহ উক্ত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,৯৫,০০০/- (এক লক্ষ পঁচানব্বই হাজার) টাকা বিল প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরুপ:<br>(ক) মোঃ সোহরাব হোসেন, ইউপি সদস্য ---প্রকল্প সভাপতি<br>(খ) জনাব মো: শহিদুল ইসলাম, বিসিষ্ট ব্যবসায়ী --- সদস্য<br>(গ) জনাব মোঃ কামরুল ইসলাম, শিক্ষক প্রতিনিধি -- সদস্য<br>(ঘ) জনাব মো: জাকির হোসেন, মুয়াজ্জিন প্রতিনিধি-- সদস্য<br>(ঙ) জনাব সুব্রত, এনজিও প্রতিনিধি --------------- সদস্য</td></tr>
<tr><td></td><td>(চ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা মেরামত সংক্রান্ত।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা'র ২১.০৯.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০. ০০২.২২-৬৮৯ নম্বর স্মারকের পত্রের আলোকে উপজেলা পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা মেরামত সংক্রান্ত এ উপজেলা পরিষদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতপূর্বক উপজেলা প্রকৌশলী(এলজিইডি), পাথরঘাটা, বরগুনা নিম্নরূপভাবে দাখিল করেছেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত ব্যয়</th></tr>
<tr><td>০১</td><td>Repair of UTDC Bhaban No-01 (Three Stroid) Upazila Complex Area under Patharghata, Barguna.</td><td>১৪,৬৮,১২৩.০০</td></tr>
<tr><td>০২</td><td>Repair of UTDC Bhaban No-02 (Three Stroid) Upazila Complex Area under Patharghata, Barguna.</td><td>২৩,৪৯,১২২.০০</td></tr>
<tr><td>০৩</td><td>Improvement of RCC start From Upazila Complex Bhaban No-1 & 2 Around Area 283m under Patharghata, Barguna.</td><td>২২,৪৯,১৩৭.০০</td></tr>
<tr><td>০৪</td><td>Improvement of CC Road (Wolk Way) Pond Area Around Upazila Complex under Patharghata, Barguna.</td><td>১০,৮২,৯১১.০০</td></tr>
<tr><td>০৫</td><td>Repair of Tiles Fittings with Shad at 4 Nos RCC Ghatla Upazila Parishad Pond Area under Patharghata, Barguna.</td><td>৮,০৭,৯৮৪.০০</td></tr>
</table>
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বিষয়টি আলোচনান্তে আলোচনান্তে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী বরাদ্দ পাওয়ার লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, ঢাকায় পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td></tr>
<tr><td></td><td>(ছ) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত সংক্রান্ত।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদের ম্যানুয়াল, ২০১৩ এর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার আলোকে অনুচ্ছেদ (ছ) মোতাবেক উপজেলা পরিষদের</td><td>বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদের ম্যানুয়াল, ২০১৩ এর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার আলোকে অনুচ্ছেদ (ছ) মোতাবেক উপজেলা পরিষদের প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ/মেরামতের ব্যয়</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | প্রয়োজনীয় আসবাবপত্র সংগ্রহ/মেরামত করা প্রয়োজন। উক্ত আসবাবপত্র সংগ্রহ/মেরামতের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | নির্বাহের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (জ) উপজেলা বিদ্যানিকেতন এর জন্য বৈদ্যুতিক পাখা ক্রয় সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা বিদ্যানিকেতন এর অভিভাবক বিশ্রামককক্ষে একটি বৈদ্যুতিক পাখা ক্রয়ের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা বিদ্যানিকেতন এর অভিভাবক বিশ্রামককক্ষে একটি বৈদ্যুতিক পাখা ক্রয়ের ব্যয় নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্যাট ও আয়করসহ ৬,০০০/- (ছয় হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (ঝ) উপজেলা পরিষদ চত্তরে গাছের সৌন্দর্য্যবর্ধনে রংকরণের বিল সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্তরে গাছের সৌন্দর্য্যবর্ধনে রংকরণের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে উপজেলা পরিষদ চত্তরে গাছের সৌন্দর্য্যবর্ধনে রংকরণের ব্যয় নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্যাট ও আয়করসহ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |
| (ঝ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবনের ময়লার ট্যাংকি পরিস্কারকরণের বিল সংক্রান্ত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা সভায় জানান যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবনের ময়লার ট্যাংকি পরিস্কারকরণের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিষয়টি আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবনের ময়লার ট্যাংকি পরিস্কারকরণের ব্যয় নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা উত্তোলনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোস্তফা গোলাম কবির)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
পাথরঘাটা, বরগুনা

স্মারক নম্বর- উপ/পাথর/বর/২০২২/-৯৮৬(৬০)

তারিখঃ ২০.১০.২০২২।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২ ও উপদেষ্টা, পাথরঘাটা উপজেলা পরিষদ, বরগুনা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩১৫।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, ................................................... মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৬. জেলা প্রশাসক, বরগুনা।
১০. মেয়র, পাথরঘাটা পৌরসভা, জেলাঃ বরগুনা।
১১. ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১২. উপজেলা ..............................................................কর্মকর্তা, পাথরঘাটা, বরগুনা।
১৩. চেয়ারম্যান, .........................................................ইউনিয়ন পরিষদ, পাথরঘাটা, বরগুনা।
১৪. জনাব ..................................................................।
১৫. অফিস নথি।

(সুফল চন্দ্র গোলদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
পাথরঘাটা, বরগুনা।